# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২ ৭ ৮

সময়— ২ ঘন্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ মধ্যবিত্ত পরিবারের সন্তান রাহাত চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ পাস করার পরপরই একটি বহুজাতিক কোম্পানিতে যোগদান করেন। তিনি তাঁর কর্মক্ষেত্রে বাজেট তৈরি ও পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। হঠাৎ করে তাঁর স্ত্রী জটিল রোগে আক্রান্ত হলে তিনি মানসিকভাবে ভেঙে পড়েন এবং পূর্বের ন্যায় দক্ষতা সহকারে কাজ করতে পারছেন না। এদিকে বিশেষজ্ঞ ডাক্তার রাহাত চৌধুরীর স্ত্রীকে ব্যয়বহুল চিকিৎসার জন্য বিদেশে প্রেরণের ব্যবস্থাপত্র দিয়েছেন।

*[সরকারি বি.এম.সি মহিলা কলেজ, নওগাঁ।]*

ক. x ও y তত্ত্বের প্রবক্তা কে? ১

খ. মাসলোর চাহিদা সোপান তত্ত্বটি চিত্রের সাহায্যে দেখাও। ২

গ. উদ্দীপকের রাহাত চৌধুরী বহুজাতিক কোম্পানিটির ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাহাতকে প্রতিষ্ঠানে পূর্বের ন্যায় দক্ষতা সহকারে কাজে ফিরিয়ে আনার জন্য কোন ধরনের প্রেষণা দেয়া প্রয়োজন? তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন করো? ৪

২. ▶ ফয়সাল সাহেব একজন ব্যবসায়ী। তিনি অবসর সময়ে ঘরে বসে টিভি দেখছিলেন। টিভিতে দুবাইয়ে অনুষ্ঠিত বাংলাদেশের বাণিজ্য মেলার ওপর একটি প্রতিবেদন দেখাচ্ছিল। ফয়সাল সাহেব সেখানে 'পারটেক্স কর্পোরেশন' নামের একটি কোম্পানির পণ্য বিক্রয়ের পরিমাণ জানতে পেরে বেশ চমৎকৃত হলেন। তিনি তৎক্ষণাৎ মনে মনে তার নিজ জেলায় ওই কোম্পানির পরিবেশক হওয়ার সিদ্ধান্ত নিলেন। *[কুড়িগ্রাম সরকারি কলেজ]*

ক. ব্যবসায় যোগাযোগ কী? ১

খ. যোগাযোগ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনা দ্বারা কোন ধরনের যোগাযোগ সংঘটিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পারেটক্স কর্পোরেশনের সাথে ফয়সাল সাহেবের ব্যবসায় যোগাযোগ সম্পন্ন হওয়া নির্ভর করে ফলাবর্তনের ওপর-মন্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

৩. ▶ মি. আলম 'আলম কনস্ট্রাকশন' এর স্বত্বাধিকারী। তার প্রতিষ্ঠানে ৩ জন ইঞ্জিনিয়ার কর্মরত থাকলেও তিনিই প্রধান নির্বাহী। তিনি তার প্রতিষ্ঠানের কর্মী ও কর্মকর্তাদের প্রতি অত্যন্ত সদয়। তিনি তাদের অভাব অভিযো শোনেন ও তা পুরণে চেষ্টা করেন কিন্তু প্রতিষ্ঠানের কাজের বিষয়ে কোনো পরামর্শ করতে ও শুনতে আগ্রহী নন। অসুস্থতার

https://teachingbd24.com

কারণে তিনি কাজ থেকে অবসর নেন এবং তার বড় ছেলে রতনের ওপর প্রতিষ্ঠানের দায়িত্ব অর্পণ করেন। রতন ফার্মে যেতে চান না। কর্মীদের ওপর সব কাজ ছেড়ে দিয়ে ক্লাবে বন্ধু-বান্ধবের সাথে সময় কাটান। *[সিলেট সরকারি কলেজ]*

ক. আনুষ্ঠানিক নেতৃত্ব কী? ১

খ. মনোবল বৃদ্ধিতে নেতৃত্বের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. মি. আলমের নেতৃত্বের ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. "প্রতিষ্ঠান পরিচালনায় রতন যে ধরনের নেতৃত্ব দিচ্ছে তাতে প্রতিষ্ঠানটির ভবিষ্যৎ অন্ধকার" — তুমি কী এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৪.▶ রায়হান লিমিটেড একটি বৃহৎ পাটকল। সম্প্রতি প্রতিষ্ঠানটি তিনজন সহকারী ব্যবস্থাপকের মধ্য থেকে মি. সাকিবকে ব্যবস্থাপক হিসেবে পদোন্নতি দেয়। মি. সাকিব গত ৫/৫/২০১০ তারিখে সহকারী ব্যবস্থাপক হিসেবে অত্র প্রতিষ্ঠানে যোগদান করেন। যেখানে একই পদমর্যাদায় অন্য দুইজন সহকারী ব্যবস্থাপক তার এক বৎসর পূর্ব হতেই অত্র প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন। বিষয়টি নিয়ে কর্মকর্তাদের মধ্যে চাপা অসন্তোষ বিরাজ করছে। অনেকেই ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে পদোন্নতির বিদ্যমান নীতি বা ভিত্তিতে কিছুটা পরিবর্তনের অনুরোধ জানাচ্ছেন। *[খুলনা কলেজিয়েট গার্লস স্কুল এন্ড কলেজ]*

ক. পদোন্নতি কী? ১

খ. সমন্বয়ে নমনীয়তার নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কর্মী সংগ্রহের কোন মৌলিক উৎস ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রাতিষ্ঠানিক সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য উদ্দীপকের পদোন্নতির বিদ্যমান নীতি পরিবর্তনের যে অনুরোধ তা কতটুকু যৌক্তিক বলে তুমি মনে করো। ৪

৫.▶ জনাব সুমন একটি বৃহৎ কোম্পানির এইচ. আর কর্মকর্তা। তার অধীনে প্রায় ১০০ জন কর্মী কাজ করে। জনাব সুমন প্রতি মাসের ৩/৪ তারিখের মধ্যে কর্মচারীদের বেতন দিয়ে থাকেন। শুধু তাই নয় জনাব সুমন প্রতিযোগী প্রতিষ্ঠানের চেয়ে একটু বেশি আর্থিক সুবিধা দিয়ে থাকেন। এতে কর্মচারীরা প্রতিষ্ঠানের প্রতি সন্তুষ্ট থাকে। মনোযোগ দিয়ে কাজ করে এবং কর্মচারীদের জীবনমান বৃদ্ধি পায়। *[কাদিরাবাদ ক্যান্টনমেন্ট স্যাপার কলেজ, নাটোর]*

ক. হেনরি ফেয়ল কয়টি নীতি নির্দেশ করেন। ১

খ. ব্যবস্থাপনায় প্রশাসন মস্তিষ্কের সাথে তুলনীয় কেন? ২

গ. উদ্দীপকে জনাব সুমন ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের জনাব সুমনের গৃহীত নীতির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪


৬.▶ জনাব হোসেন একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্বরত আছেন। তার প্রতিষ্ঠানের কাঠোর নিয়ম-কানুন তথা চেইন-অব-কমান্ড অনুসরণ করা হয় এবং অধীনস্থরা ঊর্ধ্বতনদের নির্দেশ ব্যতীত কোনো কাজই সম্পদন করেন না। তথাপিও প্রতিষ্ঠানের মুনাফা বৃদ্ধি না পাওয়ার কারণ অনুসন্ধান করে দেখা

https://teachingbd24.com

গেল যে, ক্রয় ব্যবস্থাপক অনেক বেশি কাঁচামাল ক্রয় করে রেখেছেন, যা প্রতিনিয়ত নষ্ট হয়ে যাচ্ছে। আর বিক্রয় ব্যবস্থাপকও উৎপাদিত পণ্য কাঙ্ক্ষিত মাত্রায় বিক্রয় করতে পারছেন না। ফলে সংরক্ষণ ব্যয় বৃদ্ধি পাচ্ছে।

ক. সমন্বয় কী? ১
খ. ব্যবস্থাপনার কাজগুলো একে অন্যের ওপর নির্ভরশীল— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে ব্যবস্থাপনার কোন কাজের অভাব পরিলক্ষিত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সমস্যা সমাধানের কৌশল বিশ্লেষণ করো। ৪

৭. ▶




*[শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]*

ক. ব্যবস্থাপনার সর্বজনীনতা কী? ১
খ. ব্যবস্থাপনা চক্র বলতে কী বোঝায়? চিত্রসহ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে চিত্রে প্রদর্শিত সুপারভাইজার কোন পর্যায়ের কর্মকর্তা? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে প্রদর্শিত নির্বাহী কর্মকর্তা অধিক চিন্তাশীল কাজের সাথে সম্পর্কিত— বিশ্লেষণ করো। ৪

৮. ▶ একটি কলেজের ৩০ জন শিক্ষার্থী শিক্ষা সফরের জন্য সেন্টমার্টিনে যাবে বলে সিদ্ধান্ত নেয়। মোট কত টাকা খরচ হবে সে অনুসারে চাঁদা সংগ্রহ করে। এরপর শিক্ষার্থীদের মধ্যে কে কোন কাজ করবে, কীভাবে করবে, কখন করবে ইত্যাদি বিষয়গুলো আগে থেকে ঠিক করে নিয়েছে। যে যার মতো পূর্বনির্ধারিত দায়িত্ব পালন করায় তাদের শিক্ষা সফরটি সার্থকতা লাভ করল। *[রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা কলেজ]*

ক. পরিকল্পনা কী? ১
খ. সিদ্ধান্ত গ্রহণে তথ্য ও উপাত্ত সম্পর্কে ব্যাখ্যা করো। ২
গ. শিক্ষার্থীদের কার্যক্রম প্রক্রিয়াটিকে কী বলা হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত প্রক্রিয়াটি শিক্ষা সফরকে সার্থক করেছে— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৯.▶ 'স্টার কোম্পানি পণ্য উৎপাদন ও বিক্রয় করে। 'স্টার' ২০১৪ সালের ডিসেম্বর মাসে প্রতি একক পণ্য ৩০ টাকা হারে ৪,৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করে বিক্রীত পণ্য উৎপাদনের জন্য ৫০,০০০ টাকা কারখানা বিল্ডিং ভাড়া এবং ১,৬৬,০০০ টাকা কর্মকর্তাদের বেতন প্রদান করা হয়। এ দু'টি খরচ উৎপাদনের হ্রাস-বৃদ্ধির সাথে পরিবর্তিত হয় না। পক্ষান্তরে প্রতি একক পণ্য উৎপাদনে ১০ টাকার কাঁচামাল এবং ২ টাকার মজুরি খরচ দরকার হয়। *[মোশাররফ হোসেন খান চৌধুরী বিশ্ববিদ্যালয় কলেজ, কুমিল্লা]*

ক. নির্দেশনার ঐক্য কী? ১

খ. নিয়ন্ত্রণের ব্যতিক্রমের নীতি ব্যাখ্যা করো। ২

গ. 'স্টার' কোম্পানিটি কত একক পণ্য উৎপাদন ও বিক্রয় করলে তাদের বিক্রয় আয় এবং মোট ব্যয় সমান হবে তা নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই ধরনের খরচের মধ্যে পার্থক্য মূল্যায়ন করো। ৪

১০.▶ রেহানা বেগম একটি গার্মেন্টস-এর ব্যবস্থাপনা পরিচালক। তিনি এমনভাবে সংগঠন কাঠামো তৈরি করেছেন যেন কোনো কর্মীকেই একাধিক ঊর্ধ্বতনের সরাসরি অধীনে কাজ করতে না হয়। এতে কর্মীরা স্বাচ্ছন্দে কাজ করে এবং শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের নীতি নির্ধারণে তাকে যেমন কাজ করতে হয়; তেমনি কর্মীদের সুযোগ-সুবিধার কথাও তাকে ভাবতে হয়। *[বি এ এফ শাহীন কলেজ, ঢাকা]*

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক বলা হয় কাকে? ১

খ. কেন্দ্রীয়করণ ও বিকেন্দ্রীয়করণ বলতে কী বোঝায়? ২

গ. রেহানা বেগম ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত আছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সংগঠন কাঠামো প্রণয়নে উদ্দীপকের রেহানা বেগম হেনরি ফেয়লের যে নীতি অনুসরণ করেছেন তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

১১.▶ মি. রতন একটি প্রতিষ্ঠানের মালিক ও মুখ্য নির্বাহী। তার প্রতিষ্ঠানে প্রতিটি বড় বিভাগে প্রধান নির্বাহীকে সহযোগিতা করার জন্য বিশেষজ্ঞ কর্মী কর্মরত রয়েছে। তিনি লক্ষ করলেন যে, প্রায়শই বিশেষজ্ঞগণ প্রধান নির্বাহী কর্তৃক উপেক্ষিত হয় এবং তাদেরকে কোনো দায়িত্ব দেওয়া হয় না। অনেক ক্ষেত্রেই তাদের মধ্যে দ্বন্দ্ব লক্ষ করা যায়। তাই তিনি উৎপাদন ও বিক্রয় বিভাগের কাজগুলোকে ছোট ছোট ভাগে ভাগ করে বিশেষজ্ঞদের নির্বাহী হিসেবে দায়িত্ব দিয়েছেন। *[মদনমোহন কলেজ, সিলেট]*

ক. পদোন্নতি কী? ১

খ. কর্মী মূল্যায়ন বলতে কী বোঝ? ২

গ. মি. রতনের প্রতিষ্ঠানে প্রথমত কোন ধরনের সংগঠন কাঠামো প্রচলিত ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রতন উৎপাদন ও বিক্রয় বিভাগে যে ধরনের সংগঠন কাঠামোর প্রচলন ঘটিয়েছেন তার কার্যকারিতা বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট    পূর্ণমান— ৩০    বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. সময়ের ভিত্তিতে পরিকল্পনা কত প্রকার?
ⓚ ২  ⓚ ৩  ⓖ ৪  ⓖ ৫

২. কলেজের ঘণ্টা বাজানার শব্দ কোন ধরনের যোগাযোগ?
ক) বাহ্যিক  খ) শাব্দিক
গ) শব্দ বহির্ভূত  ঘ) অনানুষ্ঠানিক

৩. প্রেষণা ব্যক্তির কোনটির সাথে জড়িত?
ক) অভাব, আবেগ ও তাড়না
খ) অভাব, অভিযোগ ও তাড়না
গ) অভাব, উত্তেজক ও তাড়না
ঘ) অভাব, আবেগ ও বঞ্চনা

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
সড়ক ও যোগাযোগ মন্ত্রণালয় মুন্সীগঞ্জ পদ্মা নদীর উপর একটি সড়ক সেতু নির্মাণের জন্য ২০১৫ সালে পরিকল্পনা গ্রহণ করে। ২০২২ সালে উক্ত সেতু নির্মাণ কাজ সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে। সেতুর নকশাকরণের সময় ভবিষ্যতে রেলপথের চাহিদার কথা চিন্তা করে সেতুর উপর রেললাইন স্থাপনের সুযোগ রাখা হয়েছে।

৪. উদ্দীপকে বর্ণিত পরিকল্পনাটি মেয়াদের ভিত্তিতে কোন ধরনের?
ক) স্বল্প  খ) মধ্য
গ) দীর্ঘ  ঘ) অসীম

৫. উদ্দীপকে বর্ণিত রেলপথ স্থাপনের সুযোগটি পরিকল্পনার কোন বৈশিষ্ট্যের সাথে বেশি সম্পর্কিত?
ক) গ্রহণযোগ্যতা  খ) নমনীয়তা
গ) বাস্তবমুখিতা  ঘ) সুস্পষ্ট উদ্দেশ্য

৬. কোনটি ব্যবস্থাপনার সার্বজনীন উদ্দেশ্য?
ক) উৎপাদন প্রক্রিয়ার উন্নয়ন
খ) সম্পদের সর্বোচ্চ ব্যবহার
গ) উন্নতমানের পণ্য সরবরাহ
ঘ) উপযুক্ত নিয়ন্ত্রণ

৭. কোনটি নেতার পেশাভিত্তিক গুণাবলি?
ক) ব্যক্তিত্ব  খ) ধৈর্য
গ) দূরদর্শিতা  ঘ) সিদ্ধান্ত গ্রহণ

৮. সাংগঠনিক কাঠামো দেখে নিচের কোনটি সম্পর্কে জানা যায়?
ক) ক্ষমতার প্রকৃতি  খ) প্রতিষ্ঠানের সামর্থ্য
গ) নির্দেশনার ধরন  ঘ) কর্তৃত্ব শিকল

৯. সর্বপ্রথম কোথায় শিল্প বিপ্লবের সূত্রপাত হয়?
ক) ফ্রান্স  খ) ইতালি
গ) বৃটেন  ঘ) জার্মানি

১০. দ্রব্য ও কার্যভিত্তিক বিভাগীয়করণের সমন্বয়ে গঠিত সংগঠনকে কোন ধরনের সংগঠন বলে?
ক) কার্যভিত্তিক  খ) সরলরৈখিক
গ) পদস্থ কর্মী  ঘ) মেট্রিক্স

১১. মৌলিক পরিকল্পনা হিসেবে গৃহীত হয় কোনটি?
ক) সর্বোত্তম বিকল্প গ্রহণ
খ) বিকল্প স্থিরকরণ
গ) লক্ষ্য নির্ধারণ
ঘ) সহায়ক পরিকল্পনা প্রণয়ন

১২. E-Commerce-এর পূর্ণরূপ কী?
ক) Electronic Commerce
খ) Electric Commerce
গ) Ellective Commerce
ঘ) Emergency Commerce

১৩. পদোন্নতির ভিত্তি কয়টি?
ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

১৪. নিচের কোন বিষয়ের সাথে জোড়া মই শিকল নীতি সম্পৃক্ত?
ক) ভারসাম্য রক্ষা  খ) সংগঠন চার্ট
গ) কর্তৃত্ব প্রবাহ  ঘ) কর্তৃত্ব অর্পণ

১৫. কোনটি সবচেয়ে প্রাচীন সংগঠন কাঠামো?
ক) সরলরৈখিক ও উপদেষ্টা সংগঠন
খ) সরলরৈখিক সংগঠন
গ) মেট্রিক্স সংগঠন
ঘ) কার্যভিত্তিক সংগঠন

১৬. ব্যবস্থাপনার কার্যকারিতা কীসের ওপর নির্ভর করে?
ক) পরিকল্পনা  খ) নির্দেশনা
গ) প্রেষণা  ঘ) নিয়ন্ত্রণ

https://teachingbd24.com

উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।

YZ নামক ব্যাংক ১২ জন নবনির্বাচিত প্রবেশকারী অফিসার যোগদান করেছেন। তাদেরকে ব্যাংকিং বিভিন্ন কাজে দক্ষ করে তোলার জন্য কর্তৃপক্ষ আরও প্রশিক্ষণের চিন্তা-ভাবনা করছেন।

১৭. উদ্দীপকে বর্ণিত অফিসারদের নিয়োগটি কোন ধরনের?

ⓚ স্থায়ী ⓚ অস্থায়ী

ⓖ চুক্তিভিত্তিক ⓖ সাময়িক

১৮. নবনির্বাচিত অফিসারদেরকে কোন ধরনের প্রশিক্ষণ প্রদান করা উচিত?

i. প্রবেশনারি

ii. পদ আবর্তন

iii. পর্যবেক্ষণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. নেতিবাচক প্রেষণার উপাদান হলো—

i. পদাবনতি

ii. বরখাস্ত

iii. তিরস্কার

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

২০. পরামর্শমূলক নির্দেশনা কোন ধরনের যোগাযোগ প্রবাহ সৃষ্টি করে?

ক একমুখী খ দ্বি-মুখী

গ ত্রিমুখী ঘ বহুমুখী

২১. Motivation শব্দটি নিচের কোন শব্দ থেকে এসেছে?

ক Movane খ Moveree

গ Movend ঘ Moveen

২২. 'আমরা কোথায় আছি এবং কোথায় যেতে চাই'- এই দুইয়ের মাঝে সেতুবন্ধন রচনা করে কোনটি?

ক পরিকল্পনা খ সংগঠন

গ নির্দেশনা ঘ নিয়ন্ত্রণ

২৩. নিচের কোনটি একার্থক পরিকল্পনা?

ক নীতি খ পদ্ধতি

গ বিধি ঘ প্রকল্প

২৪. জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য উপযোগী সংগঠন হলো—

i. কার্যভিত্তিক ii. কমিটি

iii. মেট্রিক্স

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

২৫. 'ব্যবস্থাপনা সার্বজনীন' কে বলেছেন?

ক সক্রেটিস খ প্লেটো

গ এরিস্টটল ঘ হেনরি ফেয়ল

২৬. কোনটি মৌখিক যোগাযোগের সুবিধা?

ক প্রামাণ্য দলিল খ অপব্যাখ্যা রোধ

গ আইনগত মর্যাদা

ঘ তাৎক্ষণিক প্রতিক্রিয়া

২৭. বাজেটারি নিয়ন্ত্রণ গুরুত্বপূর্ণ হওয়ার কারণ হলো—

i. বাজেট কাজের মান বৃদ্ধি করে

ii. এর মাধ্যমে বিচ্যুতি নিরূপণ সম্ভব

iii. নিয়ন্ত্রণের কার্যকর ভিত্তি প্রদান করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii

গ i ও iii ঘ i, ii ও iii

২৮. যোগ্য ব্যক্তিকে যোগ্য স্থানে এবং সঠিক বস্তুকে সঠিক স্থানে স্থাপনের নীতিকে কোন নীতি বলে?

ক নিয়মানুবর্তিতা খ শৃঙ্খলার

গ ভারসাম্যের ঘ সাম্যের

২৯. কর্মী নির্বাচনের ক্ষেত্রে কর্মীর ঝোঁক প্রবণতা কোন পরীক্ষার মাধ্যমে যাচাই করা হয়?

ক Intelligence খ Aptitude

গ Efficiency ঘ Personality

৩০. প্রেষণার সকল কার্যক্রম হলো—

ক Nature oriented খ Work oriented

গ Goal oriented ঘ Business oriented

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | গ |

https://teachingbd24.com